**REGIONAL NEWS UNIT**

**ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 03-09-2026**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**PM—WATER :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নগরায়ন, জনসংখ্যা বৃদ্ধি এবং ভবিষ্যতের জলের চাহিদাসহ বিভিন্ন চ্যালেঞ্জের বিষয়ে স্থানীয় নগর পরিচালন সংস্থাগুলিকে সংবেদনশীল হওয়ার আহ্বান জানিয়েছেন৷ শ্রী মোদী গতকাল জল শক্তি মন্ত্রকের উদ্যোগে আয়োজিত, দুই দিনব্যাপী জাতীয় জল সম্মেলনের সমাপনী অধিবেশনে সভাপতিত্ব করে জল-সাশ্রয়ী প্রযুক্তির ব্যাপক ব্যবহারের আহ্বান জানান। তিনি ভারতীয় নির্মাতা এবং অংশীদারদের কার্যকর সমাধান তৈরি ও তার প্রসার ঘটাতে বিশেষ প্রদর্শনী এবং কর্মশালা আয়োজনেরও পরামর্শ দিয়েছেন। জনগণের সক্রিয় অংশগ্রহনের ওপর জোর দিয়ে শ্রী মোদী জন-সচেতনতা বৃদ্ধির জন্য "জল উৎসব" পালনের পরামর্শ দিয়েছেন। প্রধানমন্ত্রী, পলি অপসারণ ও বাঁধের সুরক্ষার বিষয়ে প্রতি বর্ষার আগে প্রস্তুতি ও সতর্কতা মেনে চলা এবং শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা তৈরির ওপর জোর দিয়েছেন।

******************

**SIR -Sonamura:**

সোনামুড়া মহকুমায় আগামী ৫ই সেপ্টেম্বর থেকে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন বা SIR-এর কাজ শুরু হবে। মহকুমা শাসক রাজু দেব গতকাল জানান, ১৫ সেপ্টেম্বর থেকে ১৪ই অক্টোবর পর্যন্ত তিন দফায় BLO-রা বাড়ি বাড়ি

যাবেন। দাবি-আপত্তি জানানো যাবে ২১ অক্টোবর থেকে ২০ নভেম্বর পর্যন্ত। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে ২৩শে ডিসেম্বর।

*******************

**NEPAL-INDIA :**

ভারত নেপালে উদ্ধার ও ত্রাণ সহায়তা অব্যাহত রেখেছে। গতকাল ১১ সদস্যের বিশেষজ্ঞ উদ্ধারকারী দল এবং ৬ টনের বেশি উদ্ধার সরঞ্জাম ও চিকিৎসা সামগ্রী নিয়ে ভারতীয় বায়ুসেনার পঞ্চম বিমানটি কাঠমান্ডুতে পৌঁছেছে। এ পর্যন্ত, নেপালে প্রায় ৭৪ টন ত্রাণ পাঠিয়েছে ভারত। ত্রিশূলী ও চিলিমেতে নেপালি সেনাবাহিনীর সঙ্গে ভারত যৌথভাবে উদ্ধার অভিযান চালাচ্ছে | পাশাপাশি ভারতীয় ফরেনসিক দল কাঠমান্ডুর দু'টি গবেষণাগারে ডিএনএ নমুনা পরীক্ষা করছে। বন্যায় এখনও পর্যন্ত ১৬৬ জন ভারতীয়কে উদ্ধার করা হয়েছে এবং গতকাল ৪১০ জন ভারতীয় পুন্যার্থী চীন থেকে দেশে ফিরেছেন |

*******************

**PM-INDIA-BELGIUM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং বেলজিয়ামের প্রধানমন্ত্রী বার্ট দ্য ওয়েভার আজ নয়াদিল্লিতে দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হবেন। বৈঠকে দুই নেতা দ্বিপাক্ষিক সম্পর্ক এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় নিয়ে আলোচনা করবেন। বেলজিয়ামের প্রধানমন্ত্রী গতরাতে তিন দিনের ভারত সফরে নয়াদিল্লিতে পৌঁছেছেন। গত বছরের ফেব্রুয়ারিতে দায়িত্ব নেওয়ার পর এটিই তাঁর প্রথম ভারত সফর। তাঁর সঙ্গে রয়েছেন বেলজিয়ামের প্রতিরক্ষামন্ত্রী থিও ফ্রাঙ্কেন। সফরকালে বেলজিয়ামের প্রধানমন্ত্রী ভারত-ইউরোপীয় ইউনিয়ন

মুক্ত বাণিজ্য চুক্তির প্রেক্ষাপটে কনফেডারেশন অব ইন্ডিয়ান ইন্ডাস্ট্রির একটি ব্যবসায়িক অনুষ্ঠানে বক্তব্য রাখবেন।

********************

**CHILD HEALTH- GOMATI :**

জাতীয় পুষ্টি সপ্তাহ উপলক্ষে উদয়পুরে গতকাল শিশুদের স্বাস্থ্য ও পুষ্টি নিয়ে সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়। ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের উদ্যোগে শালগড়া ও পালাটানা স্কুলে পৃথক শিবিরে সুষম খাদ্য, বিশুদ্ধ পানীয় জল, পরিচ্ছন্নতা ও শিশু অধিকার সম্পর্কে সচেতন করা হয়। পাশাপাশি কুইজ প্রতিযোগিতারও আয়োজন করা হয়। অনুষ্ঠানে স্বাস্থ্য দপ্তরের পুষ্টিবিদ ও কমিশনের সদস্যরা উপস্থিত ছিলেন।

********************

**World Coconut Day :**

দক্ষিণ জেলার সাব্রুমের হিচাছড়ায় নারকেল উন্নয়ন পর্ষদের ক্যাম্পাসে গতকাল বিশ্ব নারকেল দিবস উপলক্ষে প্রগতিশীল কৃষকদের নিয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বৈজ্ঞানিক পদ্ধতিতে নারকেল চাষ, উদ্যোগী তৈরি করা এবং কৃষকদের জন্য সুস্থায়ী জীবিকার সুযোগের গুরুত্ব তুলে ধরা হয়।

**********************

**Nasha Mukt Bharat :**

নেশামুক্ত ভারত অভিযানের অঙ্গ হিসেবে গতকাল আগরতলায় সচেতনতামূলক কর্মসূচি পালন করল অসম রাইফেলস। বাহিনীর জন সংযোগ আধিকারিক জানিয়েছেন,  এই কর্মসূচিতে মাদকের ক্ষতিকর প্রভাব সম্পর্কে জওয়ানদের সচেতন করা হয়। মাদকাসক্তির শারীরিক, মানসিক ও সামাজিক ক্ষতিকর দিকগুলি তুলে ধরার পাশাপাশি সুস্থ জীবনযাপন, শৃঙ্খলা এবং নিয়মিত শরীরচর্চার গুরুত্ব সম্পর্কে আলোচনা করা হয়।

********************

**Governor – Ganamancha :**

ওবিসি সংরক্ষণ চালুর লক্ষ্যে বিধানসভায় বিল পাশসহ ২০ দফা দাবিতে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর কাছে ডেপুটেশন দিল গণ মঞ্চ। সম্প্রতি মঞ্চের পক্ষ থেকে এক প্রতিনিধিদল রাজ্যপালের হাতে স্মারকলিপি তুলে দেয়। অন্যান্য দাবিগুলির মধ্যে রয়েছে, শূন্যপদ পূরণ, বেকার ভাতা, দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ, বিদ্যুৎ পরিষেবার উন্নতি এবং এডিসি ভিলেজ কমিটি নির্বাচন দ্রুত সম্পন্ন করা। প্রতিনিধিদলে ছিলেন সুব্রত ভৌমিকসহ অন্যান্য নেতৃত্ব।

******************

**Rotary Club-Eye testing :**

রোটারি ক্লাব অব আগরতলা সিটির উদ্যোগে জিরানিয়ার নয়াগাঁও উচ্চ বিদ্যালয়ে গতকাল চোখ পরীক্ষা ও স্বাস্থ্য সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়।  All India Ophthalmological Society-এর সহযোগিতায় আয়োজিত এই  শিবিরে ২০৮ জন পড়ুয়ার চোখ পরীক্ষা করা হয়। দৃষ্টিজনিত সমস্যা চিহ্নিত পড়ুয়াদের

বিনামূল্যে চশমা দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। পাশাপাশি HPV টিকা এবং অন্যান্য সমস্যা নিয়ে সচেতনতামূলক আলোচনা হয়।

********************

**FIRST DIVISION FOOTBALL :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবলের গতরাতের খেলায় ফরোয়ার্ড ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে ফরোয়ার্ড ক্লাব ১-0 গোলে ব্লাডমাউথ ক্লাবকে পরাজিত করে।

********************

**Weather :**

আবহাওয়া দপ্তর থেকে জানানো হয়েছে, আজ আকাশ সাধারণত মেঘলা থাকবে৷ সারা রাজ্যেই বজ্র-বিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে৷ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলায় আবহাওয়া দপ্তরে পরিলক্ষিত ভোরের  সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৬ ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে ৫টা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৩.৬ মিলিমিটার৷

****************

*****************